## বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর কার্যালয়

# ইস্যু ভিত্তিক অডিট রিপোর্ট

## ২০০৯-২০১০

### ১ম খন্ড

[অর্থ মন্ত্রণালয়ের ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ এর অধীনস্থ বাংলাদেশ ব্যাংকের নিয়ন্ত্রণাধীন ২২টি বাণিজ্যিক ব্যাংকের ৩৮টি শাখার রপ্তানিকারক প্রতিষ্ঠানের বিপরীতে রপ্তানি ভর্তুকি/নগদ সহায়তা (Cash Incentive) প্রদান এর উপর ২০০৬-২০১০ অর্থ বছর সমূহের হিসাব সম্পর্কিত]

## স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তর

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ১৩২ অনুযায়ী মহামান্য রাষ্ট্রপতির নিকট পেশকৃত।

বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর কার্যালয়

# ইস্যু ভিত্তিক অডিট রিপোর্ট

## ২০০৯-২০১০

[অর্থ মন্ত্রণালয়ের ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ এর অধীনস্থ
বাংলাদেশ ব্যাংকের নিয়ন্ত্রণাধীন ২২টি বাণিজ্যিক ব্যাংকের ৩৮টি শাখার
রপ্তানিকারক প্রতিষ্ঠানের বিপরীতে
রপ্তানি ভর্তুকি/ নগদ সহায়তা (Cash Incentive) প্রদান এর উপর
২০০৬-২০১০ অর্থ বছর সমূহের হিসাব সম্পর্কিত]

## স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তর

---

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ১৩২ অনুযায়ী মহামান্য রাষ্ট্রপতির নিকট পেশকৃত।

# সূচীপত্র


| ক্রমিক নং | বিবরন | পৃষ্ঠা নম্বর |
|---|---|---|
| ০১। | কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর প্রত্যয়ন | ক |
| ০২। | মহাপরিচালকের বক্তব্য | খ |
| ০৩। | প্রথম অধ্যায় | ১ |
| ০৪। | অডিট অনুচ্ছেদের সার সংক্ষেপ | ৩ |
| ০৫। | অডিট বিষয়ক তথ্য | ৪—৫ |
| ০৬। | ম্যানেজমেন্ট ইস্যু | ৫ |
| ০৭। | অনিয়ম ও ক্ষতিসমূহের কারণ | ৬ |
| ০৮। | অডিটের সুপারিশ | ৬ |
| ০৯। | উত্থাপিত আপত্তির উপর আদায়কৃত টাকার বিবরণ | ৭—১৩ |
| ১০। | দ্বিতীয় অধ্যায় | ১৫ |

| অনুচ্ছেদ নং | আপত্তির শিরোনাম | পৃষ্ঠা নং |
|---|---|---|
| অনুচ্ছেদ-১ | বাজার হতে ক্রয়কৃত সিগারেট ও বিড়ি রপ্তানির বিপরীতে বিধিবহির্ভূতভাবে নগদ সহায়তা (Cash Incentive) প্রদান করায় রাজস্ব ক্ষতি। | ১৭ |
| অনুচ্ছেদ-২ | রপ্তানি পণ্যের মূল্য (বৈদেশিক মুদ্রা) প্রত্যাবাসনের পর নির্ধারিত সময় সীমার মধ্যে আবেদন না করা সত্ত্বেও বিধিবহির্ভূতভাবে নগদ সহায়তা প্রদান করায় রাজস্ব ক্ষতি। | ১৮ |
| অনুচ্ছেদ-৩ | ৫ পাউন্ড Retail Pack এর স্থলে ৫ পাউন্ডের বেশী হিমায়িত মাছ রপ্তানির বিপরীতে অনিয়মিতভাবে নগদ সহায়তা প্রদান করায় সরকারী রাজস্ব ক্ষতি। | ১৯ |
| অনুচ্ছেদ-৪ | হিমায়িত চিংড়ি মাছ রপ্তানির বিপরীতে রপ্তানিকৃত মাছের নীট ওজনের পরিবর্তে মাছের বরফাচ্ছাদিত ওজনের উপর বিধিবহির্ভূতভাবে নগদ সহায়তা প্রদান করায় রাজস্ব ক্ষতি। | ২০ |

১১। মহাপরিচালকের স্বাক্ষর — ২০

ক

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ১২৮, কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল (এডিশনাল ফাংশন্স) এ্যাক্ট, ১৯৭৪ এবং কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল (এডিশনাল ফাংশন্স) এমেন্ডমেন্ট এ্যাক্ট , ১৯৭৫ অনুযায়ী মহাপরিচালক, স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তর কর্তৃক প্রণীত অডিট রিপোর্ট জাতীয় সংসদে উপস্থাপনের লক্ষ্যে সংবিধানের অনুচ্ছেদ ১৩২ অনুযায়ী মহামান্য রাষ্ট্রপতির নিকট পেশ করা হলো।

তারিখ ঃ ০৪/০৫/১৪২০ বঙ্গাব্দ
১৯/০৮/২০১৩ খ্রিস্টাব্দ

স্বাক্ষরিত
মাসুদ আহমেদ
বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল

খ

# মহাপরিচালকের বক্তব্য

রপ্তানি বাণিজ্যকে উৎসাহিতকরণের লক্ষ্যে দেশীয় পণ্য সরাসরি রপ্তানির বিপরীতে রপ্তানি ভর্তুকি/ নগদ সহায়তা (Cash Incentive) প্রদানের জন্য অর্থ মন্ত্রণালয় হতে বাংলাদেশ ব্যাংকে অর্থ ছাড় করা হয়। উক্ত অর্থ বাংলাদেশ ব্যাংক কর্তৃক বিভিন্ন বাণিজ্যিক ব্যাংকের মাধ্যমে রপ্তানিকারক প্রতিষ্ঠানকে রপ্তানি ভর্তুকি/নগদ সহায়তা (Cash Incentive) প্রদান করা হয়ে থাকে। উক্ত নগদ সহায়তা প্রদানের ক্ষেত্রে বাংলাদেশ ব্যাংকের বিভিন্ন এফ-ই সার্কুলার জারী করা হয়েছে। কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর কার্যালয়ের নির্দেশনার আলোকে স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তর কর্তৃক ২২টি বাণিজ্যিক ব্যাংকের ৩৮টি শাখার ২০০৬-১০ সন পর্যন্ত সময়ের রপ্তানি ভর্তুকি/ নগদ সহায়তা (Cash Incentive) প্রদান সংক্রান্ত হিসাবের উপর একটি অডিট পরিচালনা করা হয়।

অডিট সমাপনান্তে আর্থিক ক্ষতির বিষয় উল্লেখ করে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ বরাবর আলাদা আলাদাভাবে অডিট ইন্সপেকশন রিপোর্ট ইস্যু করা হয়। পরবর্তীতে ০৫/০১/২০১২ তারিখে ব্যাংক সমূহের আপত্তিগুলো একীভূত করে আধা-সরকারী পত্র সচিব, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা বরাবর জারী করা হয়। আধা সরকারি পত্র জারী করার পর অর্থ মন্ত্রণালয়ের ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগের উদ্যোগে ৩০/১/২০১২ ও ৩১/১/২০১২ খ্রিঃ তারিখে দু'টি ত্রি-পক্ষীয় সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় অডিট আপত্তিকৃত টাকা সরকারি কোষাগারে জমা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। এ প্রেক্ষিতে ২,৫১,৭১,৪৬৮/- টাকা ট্রেজারি চালানের মাধ্যমে সরকারি কোষাগারে জমা করা হয়েছে এবং অনিষ্পত্তিকৃত ৪টি অনিয়মের বিপরীতে মোট ৯,৭৯,০০,৪৪৮/- টাকার আপত্তি এ রিপোর্টে অন্তর্ভুক্ত করা হয়েছে। এ রিপোর্টে যে সকল আর্থিক অনিয়ম অন্তর্ভুক্ত করা হয়েছে তা উল্লিখিত সময়ের সমস্ত কার্যক্রমের আংশিক প্রতিফলন মাত্র। অর্থাৎ এ রিপোর্টের আপত্তি ও মন্তব্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহের আর্থিক শৃংখলা সম্পর্কিত পূর্ণাঙ্গ চিত্র নয়।

এ রিপোর্টে অন্তর্ভুক্ত অনিয়মগুলি পর্যালোচনা করে প্রতীয়মান হয় যে, নিরীক্ষিত প্রতিষ্ঠানসমূহের অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থার দুর্বলতা এবং সরকারি বিধি-বিধান পরিপালন না করায় অনিয়মগুলি সংঘটিত হয়েছে যার প্রতি সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করা হলো। অডিট আপত্তিতে জড়িত অর্থ আদায়ের ক্ষেত্রে প্রশাসনিক কর্তৃপক্ষের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ প্রয়োজন। এছাড়া প্রতিষ্ঠানের আর্থিক শৃংখলা নিশ্চিত কল্পে যথাযথ ব্যবস্থা গ্রহণের মাধ্যমে এ ধরণের অনিয়মের পুনরাবৃত্তি রোধ করা সম্ভব।

স্বাক্ষরিত

তারিখঃ ২৩/০২/১৪২০ বঙ্গাব্দ
০৬/০৬/২০১৩ খ্রিস্টাব্দ

ওয়াজির আহ্‌মেদ ফাতেহ
মহাপরিচালক
স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তর

# প্রথম অধ্যায়

## (অডিট অনুচ্ছেদের সার-সংক্ষেপ ও ম্যানেজমেন্ট ইস্যু)

# অডিট অনুচ্ছেদের সার-সংক্ষেপ

| অনুচ্ছেদ নং | শিরোনাম | টাকার পরিমাণ |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| ১ | বাজার হতে ক্রয়কৃত সিগারেট ও বিড়ি রপ্তানির বিপরীতে বিধিবহির্ভূতভাবে নগদ সহায়তা (Cash Incentive) প্রদান করায় রাজস্ব ক্ষতি। | ৫৬,০১,৫০১/- |
| ২ | রপ্তানি পণ্যের মূল্য (বৈদেশিক মুদ্রা) প্রত্যাবাসনের পর নির্ধারিত সময় সীমার মধ্যে আবেদন না করা সত্বেও বিধিবহির্ভূতভাবে নগদ সহায়তা প্রদান করায় রাজস্ব ক্ষতি। | ৮৪,৫২,৯৭২/- |
| ৩ | ৫ পাউন্ড Retail Pack এর স্থলে ৫ পাউন্ডের বেশী হিমায়িত মাছ রপ্তানির বিপরীতে অনিয়মিতভাবে নগদ সহায়তা প্রদান করায় সরকারী রাজস্ব ক্ষতি। | ৩,৯৩,৮৪,০৮৯/- |
| ৪ | হিমায়িত চিংড়ি মাছ রপ্তানির বিপরীতে রপ্তানিকৃত মাছের নীট ওজনের পরিবর্তে মাছের বরফাচ্ছাদিত ওজনের উপর বিধিবহির্ভূতভাবে নগদ সহায়তা প্রদান করায় রাজস্ব ক্ষতি। | ৪,৪৪,৬১,৮৮৬/- |
| | মোট = | ৯,৭৯,০০,৪৪৮/- |

# অডিট বিষয়ক তথ্য
# (Information of Audit)

**নিরীক্ষা অর্থ বৎসর (Audited Year)** ঃ ২০০৬-২০১০

**নিরীক্ষিত প্রতিষ্ঠান (Audited Units)** ঃ ২২টি বাণিজ্যিক ব্যাংকের নিম্নবর্ণিত ৩৮টি শাখা

- জনতা ব্যাংক লিঃ, জনতা ভবন কর্পোরেট শাখা, ঢাকা, ইমামগঞ্জ কর্পোরেট শাখা, ঢাকা, খুলনা কর্পোরেট শাখা, খুলনা ও খান এ সবুর রোড শাখা, খুলনা।
- সোনালী ব্যাংক লিঃ, স্থানীয় কার্যালয় শাখা, ঢাকা, বি বি এভিনিউ কর্পোরেট শাখা, ঢাকা, বৈদেশিক বাণিজ্য কর্পোরেট শাখা, ঢাকা, খুলনা কর্পোরেট শাখা, খুলনা ও কে সি দে রোড কর্পোরেট শাখা, চট্টগ্রাম।
- প্রাইম ব্যাংক লিঃ, মতিঝিল শাখা, ঢাকা, এলিফ্যান্ট রোড শাখা, ঢাকা, গুলশান শাখা, ঢাকা।
- এ, বি, ব্যাংক লিঃ, প্রিন্সিপাল শাখা, ঢাকা
- সোস্যাল ইসলামী ব্যাংক লিঃ, প্রিন্সিপাল শাখা, দিলকুশা, ঢাকা
- বাংলাদেশ কৃষি ব্যাংক, আগ্রাবাদ কর্পোরেট শাখা, চট্টগ্রাম।
- ডাচ্ বাংলা ব্যাংক লিঃ, বি বি রোড শাখা, নারায়ণগঞ্জ।
- ব্যাংক এশিয়া লিঃ, এম সি বি দিলকুশা শাখা, ঢাকা ও এম সি বি বনানী শাখা, ঢাকা।
- অগ্রণী ব্যাংক লিঃ, প্রিন্সিপাল শাখা, মতিঝিল, ঢাকা, কোর্ট রোড শাখা, নারায়ণগঞ্জ, ক্লে রোড শাখা, খুলনা, আগ্রাবাদ কর্পোরেট শাখা, চট্টগ্রাম।
- আই এফ আই সি ব্যাংক লিঃ, মতিঝিল শাখা, ঢাকা।
- বেসিক ব্যাংক লিঃ, মেইনব্রাঞ্চ, মতিঝিল, ঢাকা, গুলশান শাখা, ঢাকা ও দিলকুশা শাখা, ঢাকা।
- ইসলামী ব্যাংক বাংলাদেশ লিঃ, নারায়ণগঞ্জ শাখা, নারায়ণগঞ্জ।
- দি সিটি ব্যাংক লিঃ, নিউমার্কেট শাখা, ঢাকা ও প্রিন্সিপাল শাখা, দিলকুশা, ঢাকা।
- ট্রাস্ট ব্যাংক লিঃ,সেনাকল্যাণ ভবন শাখা, ঢাকা।
- মার্কেন্টাইল ব্যাংক লিঃ, প্রধান শাখা, ঢাকা।
- ফাষ্ট সিকিউরিটি ইসলামী ব্যাংক লিঃ, দিলকুশা, ঢাকা।
- আল আরাফাহ ইসলাম ব্যাংক লিঃ, মতিঝিল শাখা, ঢাকা।
- কমার্শিয়াল ব্যাংক অব সিলন, মতিঝিল শাখা, ঢাকা।
- ইষ্টার্ন ব্যাংক লিঃ, ট্রেড সার্ভিস শাখা, জীবন বীমা ভবন, ঢাকা।
- সাউথ ইষ্ট ব্যাংক লিঃ, প্রিন্সিপাল শাখা, ঢাকা।
- ষ্টেট ব্যাংক অব ইন্ডিয়া, দিলকুশা, ঢাকা।
- ষ্ট্যান্ডার্ড চার্টার্ড ব্যাংক, মেইন ব্রাঞ্চ, গুলশান, ঢাকা।

**নিরীক্ষার প্রকৃতি (Nature of Audit)** ঃ কমপ্লায়েন্স অডিট।

**নিরীক্ষার কাল (Period of Audit)** ঃ ১৩/৩/২০১১ হতে ৪/৯/২০১১

**নিরীক্ষার পদ্ধতি (Audit Methodology)** পরীক্ষামূলক নিরীক্ষা (Test Audit)-রেকর্ডপত্রাদি পরীক্ষা, তথ্যাদি বিশ্লেষণ, বিভিন্ন পর্যায়ের কর্মকর্তা/ কর্মচারীর সাথে আলোচনা।

**অডিট রিপোর্ট প্রণয়নে যারা ছিলেন** ঃ
জনাব মোঃ কামাল আনোয়ার, পরিচালক, দল প্রধান।
জনাব মোঃ মাহমুদুল হক, উপ-পরিচালক, সদস্য ও দল প্রধান।
জনাব জয়েশ্বর চন্দ্র সরকার, এস এ এস সুপার, সদস্য।
জনাব মোঃ ইয়াহিয়া, এস এ এস সুপার, সদস্য।
জনাব বাবুল আক্তার, অডিটর।

**অডিট রিপোর্টের তত্ত্বাবধান** ঃ জনাব মোঃ কামাল আনোয়ার, পরিচালক।

**সার্বিক তত্ত্বাবধানে** ঃ
মোঃ আবদুল বাছেত খান
মহাপরিচালক
স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।

**অডিটের উদ্দেশ্য (Objectives of Audit)** ঃ

- রপ্তানিকারক প্রতিষ্ঠানকে পণ্য রপ্তানির বিপরীতে রপ্তানি ভর্তুকি/ নগদ সহায়তা (Cash Incentive) প্রদানের ক্ষেত্রে অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগ ও বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারীকৃত বিধি বিধান ও নির্দেশনাসমূহসহ মূসক আইন ও বিধি-১৯৯১ এবং কাষ্টমস এ্যাক্ট-১৯৬৯ যথাযথভাবে প্রতিপালন করা হচ্ছে কিনা তা পরীক্ষা করা।
- রপ্তানি ভর্তুকি/ নগদ সহায়তা প্রদানের ক্ষেত্রে আর্থিক ত্রুটি বিচ্যুতিসমূহ চিহ্নিতকরণ।
- ব্যত্যয়ের ক্ষেত্রে প্রয়োজনীয় সুপারিশমালা প্রণয়ন।

**নিরীক্ষার আওতা (Scope of Audit)** ঃ

- দেশীয় পণ্য সরাসরি রপ্তানি (Direct Export) হিসাবে চিহ্নিত এরূপ ১০/১২ টি আইটেমের পণ্যের রপ্তানির বিপরীতে রপ্তানী ভর্তুকি/ নগদ সহায়তা (Cash Incentive) প্রদানের ক্ষেত্রে বিভিন্ন বাণিজ্যিক ব্যাংকের মাধ্যমে পরিশোধিত অর্থের বিশেষ নিরীক্ষা কার্যক্রম।
- বিভিন্ন সময়ে অর্থ বিভাগ এবং বাংলাদেশ ব্যাংক কর্তৃক রপ্তানি ভর্তুকি সংক্রান্ত জারীকৃত বিভিন্ন নীতিমালা ও আদেশ পর্যালোচনা।
- অর্থ মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত রপ্তানি ভর্তুকি/ নগদ সহায়তা (Cash Incentive) সংক্রান্ত ভর্তুকির হার।
- রপ্তানি সংক্রান্ত মূসক আইন ও বিধি-১৯৯১ এবং কাষ্টমস্ এ্যাক্ট-১৯৬৯ পর্যালোচনা।

**নিরীক্ষা কৌশল ও পদ্ধতি (Audit Approach and Methodology)** ঃ

- দৈবচয়ন পদ্ধতিতে নমুনায়নের মাধ্যমে নিরীক্ষা পরিচালনা করা হয়েছে।
- সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের নথিপত্র পর্যালোচনা করা হয় এবং প্রয়োজনীয় ক্ষেত্রে আলোচনা করা হয়েছে।
- সাক্ষাৎকার ও নিরীক্ষা জিজ্ঞাসার মাধ্যমে প্রাসঙ্গিক ক্ষেত্রসমূহ উদঘাটন করা হয়েছে।

**ম্যানেজমেন্ট ইস্যু** ঃ

- অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগ কর্তৃক জারীকৃত প্রযোজ্য বিধি বিধানসমূহ যথাযথভাবে অনুসরণ করা প্রয়োজন।
- অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগ কর্তৃক জারীকৃত ভর্তুকির নির্ধারিত হার সংক্রান্ত বিধি বিধান অনুসরণ করা প্রয়োজন।
- মূল্য সংযোজন কর আইন-১৯৯১, মূল্য সংযোজন কর বিধিমালা-১৯৯১, কাষ্টমস্ এ্যাক্ট ১৯৬৯ যথাযথভাবে পরিপালন করা প্রয়োজন।
- বাংলাদেশ ব্যাংক প্রধান কার্যালয়ের বৈদেশিক মুদ্রা নীতিবিভাগ কর্তৃক জারীকৃত এ সংক্রান্ত নীতিমালা ও আদেশসমূহ যথাযথভাবে পরিপালন করা প্রয়োজন।

**অনিয়ম ও ক্ষতিসমূহের কারণ**

**(Causes of Irregularities and Losses)**

- দুর্বল অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থা ।
- বিভিন্ন সময়ে অর্থ বিভাগ এবং বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয় ঢাকা এর জারীকৃত বিভিন্ন সার্কুলার, নীতিমালা ও আদেশ সমূহ এবং সরকারি বিধি বিধান প্রতিপালন না করা।

**অডিটের সুপারিশ**

**(Recommendations)** ঃ

- বিভিন্ন সময়ে অর্থ বিভাগ এবং বাংলাদেশ ব্যাংক কর্তৃক রপ্তানি ভর্তুকি সংক্রান্ত জারীকৃত বিভিন্ন নীতিমালা ও আদেশ এবং মূল্য সংযোজন কর আইন ও বিধি ১৯৯১, কাষ্টমস এ্যাক্ট-১৯৬৯ এর আদেশ নির্দেশ প্রতিপালন নিশ্চিত করা একান্ত প্রয়োজন।
- রাজস্ব ক্ষতির বিষয়ে দায়ী ব্যক্তি/ প্রতিষ্ঠানের নিকট হতে অর্থ আদায়ের জন্য দ্রুত পদক্ষেপ গ্রহণ করা আবশ্যক।
- Cash Incentive / রপ্তানি ভর্তুকি/ নগদ সহায়তা প্রদানের ক্ষেত্রে বিধি বিধান প্রতিপালন করা প্রয়োজন।
- অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থা জোরদারকরণ আবশ্যক।
- ব্যবস্থাপনায় মনিটরিং সিস্টেম জোরদারকরণ প্রয়োজন।

## ২০০৬-২০১০ সনের বাণিজ্যিক ব্যাংকের রপ্তানি ভতুকি/নগদ সহায়তা (Cash Incentive) প্রদান সংক্রান্ত অডিট আপত্তির প্রেক্ষিতে আদায়কৃত ২,৫১,৭১,৪৬৮/- টাকার বিবরণী নিম্নরূপঃ

| ক্রঃ নং | নগদ সহায়তা প্রদানকারী ব্যাংকের নাম ও সন | আপত্তির বিষয়বস্তু | আদায়কৃত টাকার ট্রেজারী চালান নং ও তারিখ | আদায়কৃত টাকার পরিমাণ |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১ | দি ট্রাষ্ট ব্যাংক লিঃ, সেনাকল্যান ভবন শাখা, ঢাকা ২০০৬-২০১০ | রপ্তানি পণ্যের মূল্য (বৈদেশিক মুদ্রা) প্রত্যাবাসনের পর নির্ধারিত সময় সীমার মধ্যে আবেদন না করা সত্ত্বেও বিধি বহির্ভূতভাবে নগদ সহায়তা প্রদান করায় ৩,১৫,৪৫৭/- টাকা রাজস্ব ক্ষতি। | আপত্তিকৃত অর্থ চালান নং যথাক্রমে নং-০৫/৬০ তাং-১৯/৬/১১, নং-০৩/৫০ তাং-২৮/৬/১১ ও নং-০৮/২৮ তাং-৩০/৬/১১ মূলে বাংলাদেশ ব্যাংক, ঢাকা এ জমা করা হয়েছে। | ৩,১৫,৪৫৭/- |
| ২ | ,, | স্বীয় প্রতিষ্ঠানে উৎপাদিত বস্ত্রের মূল্য বেশী দেখিয়ে বিধি বহির্ভূতভাবে নগদ সহায়তা প্রদান করায় ৭৭,১৫৬/- টাকা রাজস্ব ক্ষতি। | আপত্তিকৃত অর্থ চালান নং- ২০/৪৪ তাং-২৯/৬/২০১১ মূলে বাংলাদেশ ব্যাংক, ঢাকা এ জমা করা হয়েছে। | ৭৭,১৫৬/- |
| ৩ | আল-আরাফাহ ইসলামী ব্যাংক লিঃ, মতিঝিল শাখা, ঢাকা ২০০৬-২০১০ | রপ্তানি পণ্যের মূল্য (বৈদেশিক মুদ্রা) প্রত্যাবাসনের পর নির্ধারিত সময় সীমার মধ্যে আবেদন না করা সত্ত্বেও বিধি বহির্ভূতভাবে নগদ সহায়তা প্রদান করায় ১,৪৫,৩৫০/- টাকা রাজস্ব ক্ষতি। | আপত্তিকৃত অর্থ চালান নং যথাক্রমে নং-০৫/২১ এবং ১২/৪৭ তাং-২৮/৯/১১ মূলে বাংলাদেশ ব্যাংক, ঢাকা এ জমা করা হয়েছে। | ১,৪৫,৩৫০/- |
| ৪ | ,, | পাটজাত পণ্যকে হস্তশিল্পজাত পণ্য দেখানোর ফলে প্রাপ্যতার চেয়ে অতিরিক্ত হারে নগদ সহায়তা প্রদান করায় ৪৭,৪০৭/- টাকা রাজস্ব ক্ষতি। | ,, | ৪৭,৪০৭/- |
| ৫ | ,, | স্বীয় প্রতিষ্ঠানে উৎপাদিত বস্ত্রের মূল্য বেশী দেখিয়ে বিধি বহির্ভূতভাবে নগদ সহায়তা প্রদান করায় ৩৬,৪২৬/- টাকা রাজস্ব ক্ষতি। | ,, | ৩৬,৪২৬/- |
| ৬ | ইসলামী ব্যাংক বাংলাদেশ লিঃ, নারায়ণগঞ্জ শাখা, নারায়ণগঞ্জ ২০০৬-২০১০ | রপ্তানি পণ্যের মূল্য (বৈদেশিক মুদ্রা) প্রত্যাবাসনের পর নির্ধারিত সময় সীমার মধ্যে আবেদন না করা সত্ত্বেও বিধি বহির্ভূতভাবে নগদ সহায়তা প্রদান করায় ২,২৭,৯৩৬/- টাকা রাজস্ব ক্ষতি। | আপত্তিকৃত অর্থ চালান নং-৬৬০ তাং-৩০/৫/২০১১, মূলে সোনালী ব্যাংক লিঃ, নারায়ণগঞ্জ কর্পোরেট শাখা, নারায়ণগঞ্জ এ জমা করা হয়েছে। | ২,২৭,৯৩৬/- |
| ৭ | মার্কেন্টাইল ব্যাংক লিঃ, প্রধান শাখা, দিলকুশা, ঢাকা ২০০৬-২০১০ | রপ্তানি পণ্যের মূল্য (বৈদেশিক মুদ্রা) প্রত্যাবাসনের পর নির্ধারিত সময় সীমার মধ্যে আবেদন না করা সত্ত্বেও বিধি বহির্ভূতভাবে নগদ সহায়তা প্রদান করায় ২,৯০,০৮৩/- টাকা রাজস্ব ক্ষতি। | আপত্তিকৃত অর্থ চালান নং যথাক্রমে নং-৭১/১৫২ তাং-২০/৭/২০১১, নং-০৫/২৭ ও নং-০৫/২৮ তাং-২৪/৭/২০১১ মূলে বাংলাদেশ ব্যাংক, ঢাকা এ জমা করা হয়েছে। | ২,৯০,০৮৩/- |
| ৮ | ,, | পাটজাত পণ্য রপ্তানীর বিপরীতে প্রাপ্য ৭.৫০% হারের স্থলে ১০% হারে অতিরিক্ত নগদ সহায়তা প্রদান করায় ৬০,২৩১/- টাকা রাজস্ব ক্ষতি। | আপত্তিকৃত অর্থ চালান নং- ০৮/৭ তাং-১৩/৭/২০১১ মূলে বাংলাদেশ ব্যাংক, ঢাকা এ জমা করা হয়েছে। | ৬০,২৩১/- |
| ৯ | ,, | কম্পোজিট ইউনিট কর্তৃক স্বীয় উৎপাদিত বস্ত্রের মূল্যের সাথে অন্য প্রতিষ্ঠানের উৎপাদিত বস্ত্রের মূল্য যোগ করে উক্ত মূল্যের উপর বিধি বহির্ভূতভাবে নগদ সহায়তা প্রাদন করায় ২,২২,৩৫৪/- টাকা রাজস্ব ক্ষতি। | আপত্তিকৃত অর্থ চালান নং- ১৮ তাং-২০/৭/২০১১ মূলে সোনালী ব্যাংক লিঃ, বারিধারা শাখা, ঢাকা এ জমা করা হয়েছে। | ২,২২,৩৫৪/- |

| ক্রঃ নং | নগদ সহায়তা প্রদানকারী ব্যাংকের নাম ও সন | আপত্তির বিষয়বস্তু | আদায়কৃত টাকার ট্রেজারী চালান নং ও তারিখ | আদায়কৃত টাকার পরিমাণ |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১০ | ,, | রপ্তানিকৃত পণ্য Leather Foot Wear এর নগদ সহায়তার নির্ধারিত হার/ সিলিং না থাকা সত্ত্বেও বিধিবহির্ভূতভাবে সর্বনিম্ন হার অপেক্ষা অতিরিক্ত হারে নগদ সহায়তা প্রদান করায় ২,৯২,০৩১/- টাকা রাজস্ব ক্ষতি। | আপত্তিকৃত অর্থ চালান নং- ২৬/২৮ তাং-২৫/৭/২০১১ মূলে বাংলাদেশ ব্যাংক, ঢাকা এ জমা করা হয়েছে। | ২,৯২,০৩১/- |
| ১১ | প্রাইম ব্যাংক লিঃ, গুলশান শাখা, ঢাকা ২০০৬-২০১০ | রপ্তানি পণ্যের মূল্য (বৈদেশিক মুদ্রা) প্রত্যাবাসনের পর নির্ধারিত সময় সীমার মধ্যে আবেদন না করা সত্ত্বেও বিধি বহির্ভূতভাবে নগদ সহায়তা প্রদান করায় ১,৯০,৪৩০/- টাকা রাজস্ব ক্ষতি। | আপত্তিকৃত অর্থ চালান নং- ১৩ তাং-০৪/০৭/২০১১ মূলে সোনালী ব্যাংক লিঃ, গুলশান শাখা, ঢাকা এ জমা করা হয়েছে। | ১,৯০,৪৩০/- |
| ১২ | ফার্স্ট সিকিউরিটি ইসলামী ব্যাংক লিঃ, দিলকুশা শাখা, ঢাকা ২০০৬-২০১০ | রপ্তানি পণ্যের মূল্য (বৈদেশিক মুদ্রা) প্রত্যাবাসনের পর নির্ধারিত সময় সীমার মধ্যে আবেদন না করা সত্ত্বেও বিধি বহির্ভূতভাবে নগদ সহায়তা প্রদান করায় ৩,৭৩,১৯১/- টাকা রাজস্ব ক্ষতি। | আপত্তিকৃত অর্থ চালান নং যথাক্রমে নং-০৫/২ তাং-১২/৯/১১ ও নং-১৩/৩২ তাং-৩০/১১/২০১১ বাংলাদেশ ব্যাংক, ঢাকা এ জমা করা হয়েছে। | ৩,৭৭,১৯১/- |
| ১৩ | -ঐ- | রপ্তানিকৃত পণ্য Leather Foot Wear এর নগদ সহায়তার নির্ধারিত হার/ সিলিং না থাকা সত্ত্বেও বিধিবহির্ভূতভাবে সর্বনিম্ন হার অপেক্ষা অতিরিক্ত হারে নগদ সহায়তা প্রদান করায় ৩,৭৬,৮৫৯/- টাকা রাজস্ব ক্ষতি। | আপত্তিকৃত অর্থ চালান নং যথাক্রমে নং-১৯/৪৩ তাং-১২/০২/১২ মূলে বাংলাদেশ ব্যাংক, ঢাকা এ জমা করা হয়েছে। | ৩,৭৬,৮৫৯/- |
| ১৪ | ডাচ্ বাংলা ব্যাংক লিঃ, বি.বি. রোড শাখা, নারায়ণগঞ্জ ২০০৬-২০১০ | রপ্তানি পণ্যের মূল্য (বৈদেশিক মুদ্রা) প্রত্যাবাসনের পর নির্ধারিত সময় সীমার মধ্যে আবেদন না করা সত্ত্বেও বিধি বহির্ভূতভাবে নগদ সহায়তা প্রদান করায় ১,২৪,৭৩৭/- টাকা রাজস্ব ক্ষতি। | আপত্তিকৃত অর্থ চালান নং যথাক্রমে নং- ০৫/৫৫, নং- ০৫/৫৭ ও নং-০৫/৫৬ তাং-২৭/৭/২০১১ মূলে বাংলাদেশ ব্যাংক, ঢাকা এ জমা করা হয়েছে। | ১,২৪,৭৩৭/- |
| ১৫ | ,, | বস্ত্রের উৎপাদন খরচ নির্ধারণে সুতার মূল্য বেশী প্রদর্শন করে প্রাপ্য নগদ সহায়তার চেয়ে অতিরিক্ত প্রদান করায় ৩৭,৩৯৭/- টাকা রাজস্ব ক্ষতি। | আপত্তিকৃত অর্থ চালান নং- ২৫/১৭ তাং-২৮/৭/২০১১ মূলে বাংলাদেশ ব্যাংক, ঢাকা এ জমা করা হয়েছে। | ৩৭,৩৯৭/- |
| ১৬ | অগ্রণী ব্যাংক লিঃ, কোর্ট রোড শাখা, নারায়ণগঞ্জ ২০০৬-২০১০ | রপ্তানি পণ্যের মূল্য (বৈদেশিক মুদ্রা) প্রত্যাবাসনের পর নির্ধারিত সময় সীমার মধ্যে আবেদন না করা সত্ত্বেও বিধি বহির্ভূতভাবে নগদ সহায়তা প্রদান করায় ১,৪৭,৭২২/- টাকা রাজস্ব ক্ষতি। | আপত্তিকৃত অর্থ চালান নং-০৪/৫ তাং-০৮/৬/১১, মূলে বাংলাদেশ ব্যাংক, ঢাকা এ জমা করা হয়েছে। | ১,৪৭,৭২২/- |
| ১৭ | ব্যাংক এশিয়া লিঃ, এম সি বি দিলকুশা শাখা, ঢাকা ২০০৬-২০১০ | রপ্তানি পণ্যের মূল্য (বৈদেশিক মুদ্রা) প্রত্যাবাসনের পর নির্ধারিত সময় সীমার মধ্যে আবেদন না করা সত্ত্বেও বিধি বহির্ভূতভাবে নগদ সহায়তা প্রদান করায় ২,২৪,৬৩০/- টাকা রাজস্ব ক্ষতি। | ট্রেজারী চালান নং-১৯২ তারিখ-১৮/৯/২০১১ মূলে সোনালী ব্যাংক লিঃ, দিলকুশা কর্পোরেট শাখা, ঢাকা এ জমা করা হয়েছে | ২,২৪,৬৩০/- |
| ১৮ | বেসিক ব্যাংক লিঃ, গুলশান শাখা, ঢাকা ২০০৬-২০১০ | রপ্তানি পণ্যের মূল্য (বৈদেশিক মুদ্রা) প্রত্যাবাসনের পর নির্ধারিত সময় সীমার মধ্যে আবেদন না করা সত্ত্বেও বিধি বহির্ভূতভাবে নগদ সহায়তা প্রদান করায় ১,০৭,১৪৭/- টাকা রাজস্ব ক্ষতি। | আপত্তিকৃত অর্থ চালান নং- ১০৪৭৩১৪/৮৮৮/১১ তাং-২০/০৭/২০১১ মূলে বাংলাদেশ ব্যাংক, ঢাকা এ জমা করা হয়েছে। | ১,০৭,১৪৭/- |

| ক্রঃ নং | নগদ সহায়তা প্রদানকারী ব্যাংকের নাম ও সন | আপত্তির বিষয়বস্তু | আদায়কৃত টাকার ট্রেজারী চালান নং ও তারিখ | আদায়কৃত টাকার পরিমাণ |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১৯ | ,, | স্বীয় প্রতিষ্ঠানে উৎপাদিত বস্ত্রের মূল্য বেশী দেখিয়ে বিধি বহির্ভূতভাবে নগদ সহায়তা প্রদান করায় ২,২২,৯৩৩/- টাকা রাজস্ব ক্ষতি। | আপত্তিকৃত অর্থ চালান নং-৫৭ তাং-২/২/১২ মূলে বাংলাদেশ ব্যাংক, ঢাকা এ জমা করা হয়েছে। | ২,২২,৯৩৩/- |
| ২০. | দি সিটি ব্যাংক লিঃ, নিউ মার্কেট শাখা, ঢাকা ২০০৬-২০১০ | চামড়ার সেন্ডেল রপ্তানির বিপরীতে নগদ সহায়তার নির্ধারিত হার অপেক্ষা বিধি বহির্ভূতভাবে অতিরিক্ত হারে নগদ সহায়তা প্রদান করায় ২,৫২,৯৬৯/- টাকা রাজস্ব ক্ষতি। | আপত্তিকৃত অর্থ চালান নং-১০/১৭ তাং-১৯/৭/১১ মূলে বাংলাদেশ ব্যাংক, ঢাকা এ জমা করা হয়েছে। | ২,৫২,৯৬৯/- |
| ২১ | অগ্রণী ব্যাংক লিঃ, ক্লে-রোড কর্পোরেট শাখা, খুলনা ২০০৬-২০১০ | ৫ পাউন্ড Retail Pack এর স্থলে ৫ পাউন্ডের বেশী হিমায়িত মাছ রপ্তানির বিপরীতে বিধিবহির্ভূতভাবে নগদ সহায়তা প্রদান করায় ৫,০২,৭৫৩/- টাকা রাজস্ব ক্ষতি। | ট্রেজারী চালান নং-১৩/০৮ তারিখ ১৯/১০/১১ মূলে বাংলাদেশ ব্যাংক, খুলনা এ জমা করা হয়েছে। | ৫,০২,৭৫৩/- |
| ২২ | -ঐ- | পাটজাত পণ্যের এফওবি মূল্যের পরিবর্তে বিধি বহির্ভূতভাবে সিএন্ডএফ মূল্যের উপর নগদ সহায়তা প্রদান করায় ৩,৬৭,১২২/- টাকা রাজস্ব ক্ষতি। | চালান নং-১৩/০৮ তাং-১৯/১০/১১ মূলে বাংলাদেশ ব্যাংক, খুলনা এ জমা করা হয়েছে। | ৩,৬৭,১২২/- |
| ২৩ | দি সিটি ব্যাংক লিঃ, প্রিন্সিপাল শাখা, দিলকুশা, ঢাকা ২০০৬-২০১০ | রপ্তানি পণ্যের মূল্য (বৈদেশিক মুদ্রা) প্রত্যাবাসনের পর নির্ধারিত সময় সীমার মধ্যে আবেদন না করা সত্ত্বেও বিধি বহির্ভূতভাবে নগদ সহায়তা প্রদান করায় রাজস্ব ক্ষতি। | ট্রেজারী চালান নং-০১/২৭ তারিখ-১/১১/১১ মূলে বাংলাদেশ ব্যাংক, ঢাকা এ জমা করা হয়েছে এবং ক্রমিক নং-১ এর ক্ষেত্রে প্রদানকৃত টাকা সঠিক। | ৩০,৫৩০/- |
| ২৪ | ব্যাংক এশিয়া লিঃ, এম সি বি বনানী শাখা, ঢাকা ২০০৬-২০১০ | রপ্তানি পণ্যের মূল্য (বৈদেশিক মুদ্রা) প্রত্যাবাসনের পর নির্ধারিত সময় সীমার মধ্যে আবেদন না করা সত্ত্বেও বিধি বহির্ভূতভাবে নগদ সহায়তা প্রদান করায় রাজস্ব ক্ষতি। | ট্রেজারী চালান নং-১২০ তারিখ-৮/১২/২০১১ মূলে সোনালী ব্যাংক লিঃ, বনানী শাখা, ঢাকা এ জমা করা হয়েছে। | ২৭,০১৭/- |
| ২৫ | ,, | স্বীয় প্রতিষ্ঠানে উৎপাদিত বস্ত্রের মূল্য নির্ধারণে সুতার ব্যবহার ও মূল্য বেশী দেখিয়ে বিধি বহির্ভূতভাবে নগদ সহায়তা প্রদান করায় ৪৬,৬৫৭/- টাকা রাজস্ব ক্ষতি। | ট্রেজারী চালান নং-৩১৪ তারিখ-২৩/১১/২০১১ মূলে সোনালী ব্যাংক লিঃ, গুলশান, নিউ নর্থ সার্কেল শাখা, ঢাকা এ জমা করা হয়েছে । | ৪৬,৬৫৭/- |
| ২৬ | ,, | স্বীয় প্রতিষ্ঠানে উৎপাদিত বস্ত্রের মূল্য নির্ধারণে ব্যাক টু ব্যাক এলসিতে উল্লেখিত মূল্যের চেয়ে ডায়িং খরচ বেশী দেখিয়ে নগদ সহায়তা প্রদান করায় রাজস্ব ক্ষতি। | ট্রেজারী চালান নং-১২০ তারিখ-৮/১২/২০১১ মূলে সোনালী ব্যাংক লিঃ, বনানী শাখা, ঢাকা এ জমা করা হয়েছে । | ২০,৯৮৬/- |
| ২৭ | কমার্শিয়াল ব্যাংক অব সিলন পি এল সি, দিশকুশা কর্পোরেট শাখা, ঢাকা ২০০৬-২০১০ | ৫ পাউন্ড Retail Pack এর স্থলে ৫ পাউন্ডের বেশী হিমায়িত মাছ রপ্তানির বিপরীতে বিধি বহির্ভূতভাবে নগদ সহায়তা প্রদান করায় রাজস্ব ক্ষতি। | চালান নং- ০৩/৬৫, তাং-৫/১২/২০১১ খ্রিঃ মূলে বাংলাদেশ ব্যাংক চট্টগ্রাম এ জমা করা হয়েছে । | ৩,০৮,৯০২/- |
| ২৮ | প্রাইম ব্যাংক লিঃ, এলিফ্যান্ট রোড শাখা, ঢাকা ২০০৬-২০১০ | রপ্তানি পণ্যের মূল্য (বৈদেশিক মুদ্রা) প্রত্যাবাসনের পর নির্ধারিত সময় সীমার মধ্যে আবেদন না করা সত্ত্বেও বিধি বহির্ভূতভাবে নগদ সহায়তা প্রদান করায় ১,৪০,১১২/- টাকা রাজস্ব ক্ষতি। | চালান নং-১২৩ তাং-১৩/১০/২০১১ মূলে সোনালী ব্যাংক লিঃ, সোনারগাঁও রোড, শাখা, ঢাকা এ জমা করা হয়েছে। | ১,৪০,১১২/- |

| ক্রঃ নং | নগদ সহায়তা প্রদানকারী ব্যাংকের নাম ও সন | আপত্তির বিষয়বস্তু | আদায়কৃত টাকার ট্রেজারী চালান নং ও তারিখ | আদায়কৃত টাকার পরিমাণ |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ২৯ | ,, | স্বীয় প্রতিষ্ঠানে উৎপাদিত বস্ত্রের মূল্য নির্ধারণে সূতার ব্যবহার বেশী দেখিয়ে বিধি বহির্ভূতভাবে নগদ সহায়তা প্রদান করায় ৫৪,৪৪৪/- টাকা রাজস্ব ক্ষতি। | চালান নং-১২৩ তাং-১৩/১০/২০১১ মূলে সোনালী ব্যাংক লিঃ, সোনারগাঁও রোড, শাখা, ঢাকা এ জমা করা হয়েছে। | ৫৪,৪৪৪/- |
| ৩০ | এবি ব্যাংক লিঃ, প্রিন্সিপাল শাখা, দিলকুশা, ঢাকা ২০০৬-২০১০ | রপ্তানি পণ্যের মূল্য (বৈদেশিক মুদ্রা) প্রত্যাবাসনের পর নির্ধারিত সময় সীমার মধ্যে আবেদন না করা সত্ত্বেও বিধি বহির্ভূতভাবে নগদ সহায়তা প্রদান করায় ৩,৮৫,৯৫৪/- টাকা রাজস্ব ক্ষতি। | চালান নং যথাক্রমে-১৪৮ তাং-২৬/৯/২০১০ সোনালী ব্যাংক লিঃ শিল্প ভবন কর্পোরেট শাখা, ঢাকা ও ৯/৪৪ তাং-২৪/১০/২০১১ বাংলাদেশ ব্যাংক ঢাকা এ জমা করা হয়েছে। | ৩,৮৫,৯৫৪/- |
| ৩১ | ,, | তৈরী পোশাক জাহাজীকরণের পর প্রচ্ছন্ন রপ্তানীকারক কর্তৃক সরবরাহকৃত বস্ত্রের মূল্যের উপর নগদ সহায়তা প্রদান করায় ২,৫২,৩৪৩/- টাকা রাজস্ব ক্ষতি। | চালান নং যথাক্রমে-৫১ তাং-১১/১০/২০১১সোনালী ব্যাংক লিঃ তেজগাঁও রেজিষ্ট্রেশন কমপ্লেক্স শাখা, ঢাকা ও ৯/৪৫ তাং-২৪/১০/২০১১ বাংলাদেশ ব্যাংক ঢাকা এ জমা করা হয়েছে। | ২,৫২,৩৪৩/- |
| ৩২ | ,, | প্রক্রিয়াজাত কৃষিপণ্যের নির্ধারিত তালিকার বহির্ভূত রপ্তানী পণ্যের মূল্যের উপর নগদ সহায়তা প্রদান করায় ১,২৭,৩৪২/- টাকা রাজস্ব ক্ষতি। | চালান নং- ০৫/২৭ তাং-২৫/১০/২০১১ মূলে বাংলাদেশ ব্যাংক ঢাকা এ জমা করা হয়েছে। | ১,২৭,৩৪২/- |
| ৩৩ | জনতা ব্যাংক লিঃ, জনতা ভবন কর্পোরেট শাখা, ঢাকা ২০০৭-১০ | চামড়ার জুতা ও সেন্ডেল রপ্তানির বিপরীতে নগদ সহায়তার নির্ধারিত হার অপেক্ষা বিধিবহির্ভূতভাবে অতিরিক্ত হারে প্রদান করায় ৪,৩০,৭৬৩/- টাকা রাজস্ব ক্ষতি। | চালান নং-৫৫/৭ তাং-১১/১২/১১ মূলে বাংলাদেশ ব্যাংক, ঢাকা এ জমা করা হয়েছে । | ৪,৩০,৭৬৩/- |
| ৩৪ | ,, | রপ্তানিকৃত পোশাক তৈরীতে সুতার মূল্য বেশী দেখিয়ে বিধিবহির্ভূতভাবে নগদ সহায়তা প্রদান করায় ২,০৪,০১২/- টাকা রাজস্ব ক্ষতি। | চালান নং-৫৫/৮ তাং-১১/১২/১১ মূলে বাংলাদেশ ব্যাংক, ঢাকা এ জমা করা হয়েছে । | ২,০৪,০১২/- |
| ৩৫. | " | রপ্তানিকৃত তৈরী পোশাক জাহাজীকরণের পর প্রচ্ছন্ন রপ্তানীকারক কর্তৃক সরবরাহকৃত বস্ত্রের মূল্যের উপর বিধিবহির্ভূতভাবে নগদ সহায়তা প্রদান করায় ৬৪,৭৩৪/- টাকা রাজস্ব ক্ষতি। | চালান নং -০৩/১৯ তাং-১০/১/১২ মূলে বাংলাদেশ ব্যাংক, ঢাকা এ জমা করা হয়েছে। | ৬৪,৭৩৪/- |
| ৩৬ | ষ্টেট ব্যাংক অব ইন্ডিয়া, দিলকুশা শাখা, ঢাকা ২০০৭-১০ | চামড়ার জুতা রপ্তানির বিপরীতে নগদ সহায়তার জন্য নির্ধারিত এফ ও বি মূল্যের চেয়ে অধিক মূল্যের উপর অতিরিক্ত প্রদান করায় ৪০,৮০০/- টাকা রাজস্ব ক্ষতি। | চালান নং-৭১/১০ তাং-২০/১২/১১ মূলে বাংলাদেশ ব্যাংক, ঢাকা এ জমা করা হয়েছে । | ৪০,৮০০/- |
| ৩৭ | সোনালী ব্যাংক লিঃ, খুলনা কর্পোরেট শাখা, খুলনা ২০০৭-১০ | ৫ পাউন্ড Retail Pack এর স্থলে ৫ পাউন্ডের বেশী হিমায়িত মাছ রপ্তানীর বিপরীতে বিধিবহির্ভূতভাবে নগদ সহায়তা প্রদান করায় ৪,৭৪,৫০৪/- টাকা রাজস্ব ক্ষতি। | চালান নং-টি-৫০৪ তাং-২৩/১০/১১ মূলে সোনালী ব্যাংক লিঃ, খুলনা কর্পোরেট শাখা, খুলনা এ জমা করা হয়েছে । | ৪,৭৪,৫১৩/- |
| ৩৮. | সোনালী ব্যাংক লিঃ, লালদিঘী কর্পোরেট শাখা, চট্টগ্রাম ২০০৭-১০ | স্বীয় প্রতিষ্ঠানে উৎপাদিত বস্ত্রের মূল্য বেশী দেখিয়ে বিধি বহির্ভূতভাবে নগদ সহায়তা প্রদান করায় ২,৯১,৯৯৬/- টাকা রাজস্ব ক্ষতি। | চালান নং-টি-৩১২ তাং-৫/১/১২ মূলে সোনালী ব্যাংক লিঃ, লালদিঘী কর্পোরেট শাখা, চট্টগ্রাম এ জমা করা হয়েছে । | ২,৯১,৯৯৬/- |

| ক্রঃ নং | নগদ সহায়তা প্রদানকারী ব্যাংকের নাম ও সন | আপত্তির বিষয়বস্তু | আদায়কৃত টাকার ট্রেজারী চালান নং ও তারিখ | আদায়কৃত টাকার পরিমাণ |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ৩৯. | ” | হিমায়িত অন্যান্য মাছের এফওবি মূল্যের নির্ধারিত সিলিং মার্কিন ডলারের পরিবর্তে পাউন্ড ষ্টার্লিং এ পরিগণনাপূর্বক নগদ সহায়তা প্রদান করায় ২,৬৭,৬৪৮/- টাকা রাজস্ব ক্ষতি। | চালান নং-টি-৩১১ তাং-৫/১/১২ মূলে সোনালী ব্যাংক লিঃ, লালদিঘী কর্পোরেট শাখা, চট্টগ্রাম এ জমা করা হয়েছে। | ২,৬৭,৬৪৮/- |
| ৪০. | ষ্ট্যান্ডার্ড চার্টার্ড ব্যাংক, প্রধান কার্যালয়, ৬৭ গুলশান এভিনিউ, ঢাকা ২০০৭-১০ | পাটজাত পণ্য রপ্তানির বিপরীতে প্রত্যাবাসিত মূল্য হতে ফ্রেইট বাদ না দিয়ে নগদ সহায়তা প্রদান করায় ২,২৫,৬২১/-টাকা রাজস্ব ক্ষতি। | চালান নং- ৭১/৫৮ তাং-১২/১/২০১২ খ্রিঃ মূলে বাংলাদেশ ব্যাংক মতিঝিল, ঢাকা এ জমা করা হয়েছে । | ২,২৫,৬২১/- |
| ৪১. | ” | রপ্তানি পণ্যের মূল্য (বৈদেশিক মুদ্রা) প্রত্যাবাসনের পর নির্ধারিত সময় সীমার মধ্যে আবেদন না করা সত্ত্বেও বিধি বহির্ভূতভাবে নগদ সহায়তা প্রদান করায় ৮৮,৫৩৩/- টাকা রাজস্ব ক্ষতি। | চালান নং- ৭১/৫২ তাং- ২১/৩/১২ খ্রিঃ মূলে বাংলাদেশ ব্যাংক মতিঝিল, ঢাকা এ জমা করা হয়েছে। | ৮৮,৫৩৩/- |
| ৪২. | অগ্রণী ব্যাংক লিঃ, আগ্রাবাদ কর্পোরেট শাখা, চট্টগ্রাম ২০০৭-১০ | রপ্তানি পণ্যের মূল্য (বৈদেশিক মুদ্রা) প্রত্যাবাসনের পর নির্ধারিত সময়সীমার মধ্যে আবেদন না করা সত্ত্বেও বিধি বহির্ভূতভাবে নগদ সহায়তা প্রদান করায় ১,৫৭,৮৪৭/- টাকা রাজস্ব ক্ষতি। | চালান নং- ২৪৪৫ তাং-১৫/১/১২ মূলে সোনালী ব্যাংক লিঃ, আগ্রাবাদ কর্পোরেট শাখা, চট্টগ্রাম এ জমা করা হয়েছে । | ১,৫৭,৮৪৭/- |
| ৪৩. | জনতা ব্যাংক লিঃ, ইমামগঞ্জ কর্পোরেট শাখা, ঢাকা ২০০৬-১০ | সরকার নির্ধারিত প্রকৃত হার অপেক্ষা অধিক হারে নগদ সহায়তা প্রদান করায় ১৪,৭০৫/- টাকা রাজস্ব ক্ষতি। | চালান নং- ২৩ তাং-১৫/১/১২ মূলে সোনালী ব্যাংক লিঃ, চকবাজার কর্পোরেট গ্রেড-২ শাখা , ঢাকা এ জমা করা হয়েছে । | ১৪,৭০৫/- |
| ৪৪ | ” | ফিনিসড লেদার রপ্তানির বিপরীতে অনিয়মিতভাবে ১,৯৪,৪৪৬/- টাকা অতিরিক্ত নগদ সহায়তা প্রদান। | চালান নং- ২৩ তাং-১৫/১/১২ মূলে সোনালী ব্যাংক লিঃ, চকবাজার কর্পোরেট গ্রেড-২ শাখা , ঢাকা এ জমা করা হয়েছে । | ১,৯৪,৪৪৬/- |
| ৪৫ | সাউথ ইষ্ট ব্যাংক লিঃ, প্রিন্সিপাল শাখা, মতিঝিল, ঢাকা ২০০৬-১০ | রপ্তানি পণ্যের মূল্য (বৈদেশিক মুদ্রা) প্রত্যাবাসনের পর নির্ধারিত সময়সীমার মধ্যে আবেদন না করা সত্ত্বেও বিধি বহির্ভূতভাবে নগদ সহায়তা প্রদান করায় ২,৩৭,৩২০/- টাকা রাজস্ব ক্ষতি। | চালান নং - ৯৮ তাং- ১৯/১/১২ মূলে সোনালী ব্যাংক লিঃ, দিলকুশা কর্পোরেট শাখা, ঢাকা এ জমা করা হয়েছে | ২,৩৭,৩২০/- |
| ৪৬ | ” | রপ্তানিকৃত তৈরী পোশাক জাহাজীকরণের পর প্রচ্ছন্ন রপ্তানীকারক কর্তৃক সরবরাহকৃত বস্ত্রের মূল্যের উপর বিধিবর্হিভূতভাবে নগদ সহায়তা প্রদান করায় ৮৩,৩৯১/- টাকা রাজস্ব ক্ষতি। | চালান নং - ৯৯ তাং- ১৯/১/১২ মূলে সোনালী ব্যাংক লিঃ, দিলকুশাকর্পোরেট শাখা, ঢাকা এ জমা করা হয়েছে | ৮৩,৩৯১/- |
| ৪৭ | বেসিক ব্যাংক লিঃ, দিলকুশা শাখা, ঢাকা ২০০৬-১০ | রপ্তানি পণ্যের মূল্য (বৈদেশিক মুদ্রা) প্রত্যাবাসনের পর নির্ধারিত সময় সীমার মধ্যে আবেদন না করা সত্ত্বেও বিধি বহির্ভূতভাবে নগদ সহায়তা প্রদান করায় ৩,৮৫,৯৯৪/- টাকা রাজস্ব ক্ষতি। | চালান নং-৬৫ তাং-২৩/১/২০১২ খ্রিঃ মূলে বাংলাদেশ ব্যাংক মতিঝিল, ঢাকা এ জমা করা হয়েছে । | ৩,৮৫,৯৯৪/- |
| ৪৮ | প্রাইম ব্যাংক লিঃ, মতিঝিল শাখা, ঢাকা ২০০৯-১০ | রপ্তানিকৃত তৈরী পোশাক জাহাজীকরণের পর প্রচ্ছন্ন রপ্তানিকারক কর্তৃক সরবরাহকৃত বস্ত্রের মূল্যের উপর বিধিবহির্ভূতভাবে নগদ সহায়তা প্রদান করায় রাজস্ব ক্ষতি। | টোকেন নং- ২/২৫৫১ তাং-২৫/১/২০১২ খ্রিঃ মূলে বাংলাদেশ ব্যাংক মতিঝিল, ঢাকা এ জমা করা হয়েছে । | ৪৭,৪৫৫/- |

| ক্রঃ নং | নগদ সহায়তা প্রদানকারী ব্যাংকের নাম ও সন | আপত্তির বিষয়বস্তু | আদায়কৃত টাকার ট্রেজারী চালান নং ও তারিখ | আদায়কৃত টাকার পরিমাণ |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ৪৯ | ” | স্বীয় প্রতিষ্ঠানে উৎপাদিত বস্ত্রের মূল্য নির্ধারণে সুতার ব্যবহার বেশী দেখিয়ে বিধি বহির্ভূতভাবে নগদ সহায়তা প্রদান করায় রাজস্ব ক্ষতি। | টোকেন নং- ২/২৫৫১ তাং- ২৫/১/২০১২ খ্রিঃ মূলে বাংলাদেশ ব্যাংক মতিঝিল, ঢাকা এ জমা করা হয়েছে । | ১৬,১২৪/- |
| ৫০ | বাংলাদেশ কৃষি ব্যাংক, আগ্রাবাদ কর্পোরেট শাখা,চট্টগ্রাম ২০০৬-১০ | সঠিকভাবে FOB মূল্য পরিগণনা না করে নগদ সহায়তা প্রদান করায় ৩,৯৯,৮৪২/- টাকা রাজস্ব ক্ষতি। | চালান নং ৩০০১ তাং- ২৬/১/১২ খ্রিঃ মূলে সোনালী ব্যাংক লিঃ, আগ্রাবাদ কর্পোরেট শাখা, চট্টগ্রাম এ জমা করা হয়েছে । | ৩,৯৯,৮৪২/- |
| ৫১ | ” | ৫ পাউন্ডের Retail Pack এর স্থলে ৫ পাউন্ডের বেশী হিমায়িত অন্যান্য মাছ রপ্তানির বিপরীতে অনিয়মিতভাবে নগদ সহায়তা প্রদান করায় ৭,১৬,৯৫৩/- টাকা রাজস্ব ক্ষতি। | চালান নং ৩০০১ তাং- ২৬/১/১২ খ্রিঃ মূলে সোনালী ব্যাংক লিঃ, আগ্রাবাদ কর্পোরেট শাখা, চট্টগ্রাম এ জমা করা হয়েছে । | ৭,১৬,৯৫৩/- |
| ৫২ | ইষ্টার্ন ব্যাংক লিঃ, ট্রেড সার্ভিস শাখা, মতিঝিল, ঢাকা ২০০৬-১০ | রপ্তানি পণ্যের মূল্য (বৈদেশিক মুদ্রা) প্রত্যাবাসনের পর নির্ধারিত সময় সীমার মধ্যে আবেদন না করা সত্ত্বেও বিধি বহির্ভূতভাবে নগদ সহায়তা প্রদান করায় ৩,৯৮,৭৪৮/- টাকা রাজস্ব ক্ষতি। | চালান নং ৭১/১০০ তাং- ৩০/১/১২ খ্রিঃ মূলে বাংলাদেশ ব্যাংক, ঢাকা এ জমা করা হয়েছে। | ৩,৯৮,৭৪৮/- |
| ৫৩ | ” | রপ্তানিকৃত তৈরী পোশাক জাহাজীকরণের পর প্রচ্ছন্ন রপ্তানিকারক কর্তৃক সরবরাহকৃত বস্ত্রের মূল্যের উপর বিধিবহির্ভূতভাবে নগদ সহায়তা প্রদান করায় ১,৯৫,৮৭৪/- টাকা রাজস্ব ক্ষতি। | চালান নং ৭১/১০০ তাং- ৩০/১/১২ খ্রিঃ মূলে বাংলাদেশ ব্যাংক, ঢাকা এ জমা করা হয়েছে। | ১,৯৫,৮৭৪/- |
| ৫৪ | ” | স্বীয় প্রতিষ্ঠানে উৎপাদিত বস্ত্রের মূল্য নির্ধারণে সুতার ব্যবহার বেশী দেখিয়ে বিধি বহির্ভূতভাবে নগদ সহায়তা প্রদান করায় ১,৬০,৩৪৪/- টাকা রাজস্ব ক্ষতি। | চালান নং ৭১/১০০ তাং- ৩০/১/১২ খ্রিঃ মূলে বাংলাদেশ ব্যাংক, ঢাকা এ জমা করা হয়েছে। | ১,৬০,৩৪৪/- |
| ৫৫ | সোনালী ব্যাংক লিঃ, বি বি এভিনিউ কর্পোরেট শাখা, ঢাকা ২০০৬-১০ | রপ্তানি পণ্যের মূল্য (বৈদেশিক মুদ্রা) প্রত্যাবাসনের পর নির্ধারিত সময় সীমার মধ্যে আবেদন না করা সত্ত্বেও বিধি বহির্ভূতভাবে নগদ সহায়তা প্রদান করায় ৩,৭৩,৯৮৯/- টাকা রাজস্ব ক্ষতি। | চালান নং টি-২, টি-৩ ও টি-৪ তাং- ২৯/১/১২ খ্রিঃ, এবং টি-৫ তাং-১/২/১২ খ্রিঃ সোনালী ব্যাংক লিঃ, বি,বি,এভিনিউ কর্পোরেট শাখা, ঢাকা এ জমা করা হয়েছে। | ৩,৭৩,৯৮৯/- |
| ৫৬ | বেসিক ব্যাংক লিঃ, মেইন ব্রাঞ্চ, মতিঝিল, ঢাকা ২০০৬-১০ | রপ্তানি পণ্যের মূল্য (বৈদেশিক মুদ্রা) প্রত্যাবাসনের পর নির্ধারিত সময় সীমার মধ্যে আবেদন না করা সত্ত্বেও বিধি বহির্ভূতভাবে নগদ সহায়তা প্রদান করায় ৭,০৭,৫৩৬/- টাকা রাজস্ব ক্ষতি। | আপত্তিকৃত অর্থ চালান নং-৫৫ তাং- ১/২/১২ মূলে ২,৫৬,০৬৮/- এবং নং- ৬৫ তাং- ৭/৫/১২ মূলে ৪,৫১,৪৬৮/- টাকা বাংলাদেশ ব্যাংক, ঢাকা এ জমা করা হয়েছে। | ৭,০৭,৫৩৬/- |
| ৫৭ | সোনালী ব্যাংক লিঃ, বৈদেশিক বাণিজ্য কর্পোরেট শাখা, ঢাকা ২০০৭-১০ | রপ্তানিকৃত চামড়ার জুতা ও স্যান্ডেলের নগদ সহায়তার নির্ধারিত হার/সিলিং অপেক্ষা বিধি বহির্ভূতভাবে অতিরিক্ত হারে নগদ সহায়তা প্রদান করায় ৮,৬১,৮১৫/- টাকা রাজস্ব ক্ষতি। | আপত্তিকৃত অর্থ চালান নং-টি-১ তাং- ১৯/০২/১২ মূলে সোনালী ব্যাংক, বৈদেশিক বাণিজ্য শাখা, ঢাকা এ জমা করা হয়েছে। | ৮,৬১,৮১৫/- |
| ৫৮ | ” | রপ্তানি পণ্যের মূল্য (বৈদেশিক মুদ্রা) প্রত্যাবাসনের পর নির্ধারিত সময়সীমার মধ্যে আবেদন না করা সত্ত্বেও ও বিধি বহির্ভূতভাবে নগদ সহায়তা প্রদান করায় ২০,৮১,৯০৯/- টাকা রাজস্ব ক্ষতি । | আপত্তিকৃত অর্থ চালান নং- টি-১ তাং- ১৯/০২/১২ মূলে সোনালী ব্যাংক, বৈদেশিক বাণিজ্য শাখা, ঢাকা এ জমা করা হয়েছে। | ১১,৭৮,৭৮৭/- |

| ক্রঃ নং | নগদ সহায়তা প্রদানকারী ব্যাংকের নাম ও সন | আপত্তির বিষয়বস্তু | আদায়কৃত টাকার ট্রেজারী চালান নং ও তারিখ | আদায়কৃত টাকার পরিমাণ |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ৫৯ | ,, | বাজার হতে ক্রয়কৃত খাদ্য সামগ্রী রপ্তানির বিপরীতে বিধি বহির্ভূতভাবে নগদ সহায়তা প্রদান করায় ১,৪৭,২১১/- টাকা রাজস্ব ক্ষতি। | আপত্তিকৃত অর্থ চালান নং- টি-১ তাং-১৯/০২/১২ মূলে সোনালী ব্যাংক, বৈদেশিক বাণিজ্য শাখা, ঢাকা এ জমা করা হয়েছে। | ৪৫,৫৬৪/- |
| ৬০ | সোনালী ব্যাংক লিঃ, লোকাল অফিস, মতিঝিল, ঢাকা<br>২০০৯-১০ | রপ্তানি পণ্যের মূল্য (বৈদেশিক মুদ্রা) প্রত্যাবাসনের পর নির্ধারিত সময় সীমার মধ্যে আবেদন না করা সত্ত্বেও বিধি বহির্ভূতভাবে নগদ সহায়তা প্রদান করায় ১৯,২১,৪৫৬/- টাকা রাজস্ব ক্ষতি। | আপত্তিকৃত অর্থ চালান নং- টি-৪০ তাং-১৯/০২/১২ মূলে সোনালী ব্যাংক, লোকাল অফিস, ঢাকা এ জমা করা হয়েছে। | ১৯,২১,৪৫৬/- |
| ৬১. | ,, | চামড়ার জুতা রপ্তানির বিপরীতে নগদ সহায়তার নির্ধারিত হার অপেক্ষা বিধিবহির্ভূতভাবে অতিরিক্ত হারে প্রদান করায় রাজস্ব ক্ষতি ৯,৯৪৪/- টাকা। | আপত্তিকৃত অর্থ চালান নং- টি-৪০ তাং-১৯/০২/১২ মূলে সোনালী ব্যাংক, লোকাল অফিস, ঢাকা এ জমা করা হয়েছে। | ৯,৯৪৪/- |
| ৬২. | অগ্রণী ব্যাংক লিঃ, প্রিন্সিপাল শাখা, মতিঝিল, ঢাকা<br>২০০৯-১০ | রপ্তানি পণ্যের মূল্য (বৈদেশিক মুদ্রা) প্রত্যাবাসনের পর নির্ধারিত সময় সীমার মধ্যে আবেদন না করা সত্ত্বেও বিধি বহির্ভূতভাবে নগদ সহায়তা প্রদান করায় ৪৯,৮৯,৪৩২/- টাকা রাজস্ব ক্ষতি। | আপত্তিকৃত অর্থ চালান নং- ৫৫ তাং-২৭/০২/১২ মূলে বাংলাদেশ ব্যাংক, ঢাকা এ জমা করা হয়েছে। | ৪৯,৮৯,৪৩২/- |
| ৬৩. | ,, | রপ্তানিকৃত পণ্য Leather Foot Wear এর নগদ সহায়তার নির্ধারিত হার/ সিলিং না থাকা সত্ত্বেও বিধিবহির্ভূতভাবে সর্বনিম্ন হার অপেক্ষা অতিরিক্ত হারে নগদ সহায়তা প্রদান করায় ২,৬২,২১৪/- টাকা রাজস্ব ক্ষতি। | আপত্তিকৃত অর্থ চালান নং- ৬৫ তাং-২১/০৯/১১ মূলে বাংলাদেশ ব্যাংক, ঢাকা এ জমা করা হয়েছে। | ২,৬২,২১৪/- |
| ৬৪. | ,, | স্বীয় উৎপাদিত বস্ত্রের মূল্য নির্ধারণের ক্ষেত্রে বিদেশ হতে আমাদানীকৃত উপকরণের মূল্য সঠিকভাবে বিয়োজন না করে বিধি বহির্ভূতভাবে নগদ সহায়তা প্রদান করায় ১৬,৮৮,৯৩৩/- রাজস্ব ক্ষতি। | আপত্তিকৃত অর্থ চালান নং- ৫৫ তাং-২৭/০২/১২ মূলে বাংলাদেশ ব্যাংক, ঢাকা এ জমা করা হয়েছে। | ১৬,৮৮,৯৩৩/- |
| ৬৫. | আই এফ আই সি ব্যাংক, মতিঝিল শাখা, ঢাকা<br>২০০৬-১০ | রপ্তানি পণ্যের মূল্য (বৈদেশিক মুদ্রা) প্রত্যাবাসনের পর নির্ধারিত সময় সীমার মধ্যে আবেদন না করা সত্ত্বেও বিধি বহির্ভূতভাবে নগদ সহায়তা প্রদান করায় ১৩,২৩,০১১/- টাকা রাজস্ব ক্ষতি। | চালান নং যথাক্রমে ১৯৯৯, ২০২১, ২০৪৪ ও ২০৬৩ তাং-২৯/২/২০১২ খ্রিঃ মূলে (৫,১৩,৩৭৩+১১৯১৫৯+ ১,২১,৮০৭ + ২২৭২৪৪) = ৯,৮১,৫৮৩/- টাকা বাংলাদেশ ব্যাংক, ঢাকা এ জমা করা হয়েছে। | ৯,৮১,৫৮৩/- |
| ৬৬. | ,, | প্রক্রিয়াজাত কৃষি পণ্য রপ্তানির বিপরীতে নগদ সহায়তা/ ভর্তুকি বাবদ প্রাপ্য অপেক্ষা অতিরিক্ত প্রদান করায় ১০,১১,৯৪৪/- রাজস্ব ক্ষতি। | চালান নং-টি-৩০ তাং-২৮/৫/২০১২ খ্রিঃ মূলে বাংলাদেশ ব্যাংক, ঢাকা এ জমা করা হয়েছে। | ১০,১১,৯৪৪/- |
| | | | সর্বমোট = | ২,৫১,৭১,৪৬৮/- |

# দ্বিতীয় অধ্যায়

## (অডিট অনুচ্ছেদসমূহ)

**অনুচ্ছেদ নং-১ ঃ**

**শিরোনাম ঃ** **বাজার হতে ক্রয়কৃত সিগারেট ও বিড়ি রপ্তানির বিপরীতে বিধিবহির্ভূতভাবে নগদ সহায়তা (Cash Incentive) প্রদান করায় ৫৬,০১,৫০১/- টাকা রাজস্ব ক্ষতি।**

**বিবরণঃ** ব্যাংক এশিয়া লিঃ, এম সি বি দিলকুশা (রপ্তানি বিভাগ), ঢাকা কার্যালয়ের ২০০৬-১০ সনের রপ্তানি ভর্তুকি/নগদ সহায়তা (Cash Incentive) প্রদান সংক্রান্ত হিসাব অডিটকালে পরিলক্ষিত হয় যে, বাজার হতে ক্রয়কৃত সিগারেট ও বিড়ি রপ্তানির বিপরীতে বিধিবহির্ভূতভাবে মেসার্স আলিফ ইন্টারন্যাশনাল, ঢাকাকে নগদ সহায়তা প্রদান করায় ৫৬,০১,৫০১/- টাকা রাজস্ব ক্ষতি হয়েছে-যা আদায়যোগ্য।

কারণ, বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ, বাংলাদেশ ব্যাংক প্রধান কার্যালয়, ঢাকা এর এফ-ই সার্কুলার নং-১৪, তাং-২২/১১/০৩ এর অনুচ্ছেদ নং-১ কৃষিজাত পণ্যের রপ্তানি বাণিজ্য সম্প্রসারণের লক্ষ্যে দেশীয় উৎপাদিত তামাক রপ্তানির বিপরীতে নগদ সহায়তা প্রাপ্য। অর্থাৎ তামাককে কৃষি জাত পণ্য হিসেবে গণ্য করা হয়েছে। অন্যদিকে বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ, বাংলাদেশ ব্যাংক প্রধান কার্যালয়, ঢাকা এর এফ ই সার্কুলার নং-১৫ তাং-৬/১০/২০০৫ ইং এর অনুচ্ছেদ-২ এর নির্দেশনা অনুযায়ী প্রক্রিয়াজাত (এগ্রোপ্রসেসিং) কৃষিপণ্য রপ্তানির ক্ষেত্রে কেবলমাত্র উৎপাদনকারী-রপ্তানিকারকগণই নগদ সহায়তা প্রাপ্য হবেন।এই সার্কুলার এর অনুঃ নং-২ এর সংযোজিত তালিকাতে এগ্রোপ্রসেসিং ৬০টি পণ্যের তালিকায় সর্বশেষ ক্রমিকে জর্দার নাম উল্লেখ থাকলেও তা স্বীয় প্রতিষ্ঠানের উৎপাদিত হতে হবে।

তামাক খাতের পণ্য বলতে Unmanufactured Tobacco, যেমন তামাক পাতা, ডাটা ইত্যাদিকে বুঝায়। তামাক হতে সিগারেট, বিড়ি ও জর্দা উৎপাদিত হলে তা প্রক্রিয়াজাত (এগ্রোপ্রসেসিং) কৃষি পণ্য হিসেবে পরিগণিত হয়। বিশেষ করে তামাক প্রক্রিয়াজাতের মাধ্যমে শিল্প কারখানায় সিগারেট, বিড়ি ও জর্দা তৈরী হয়-যা প্রক্রিয়াজাত (এগ্রোপ্রসেসিং) কৃষিপণ্য। তাছাড়া এগ্রোপ্রসেসিং পণ্য হিসাবে উক্ত তালিকায় সিগারেট ও বিড়ির নাম অন্তর্ভুক্ত না থাকায় নগদ সহায়তা প্রাপ্য নয়। এখানে উল্লেখ্য যে, রপ্তানিকারক প্রতিষ্ঠান আলিফ ইন্টারন্যাশনাল নিজে উক্ত প্রদর্শিত রপ্তানিকৃত সিগারেট, বিড়ি ও জর্দা উৎপাদনকারী প্রতিষ্ঠানও নয়।

এ ব্যাপারে অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগের মনিটরিং সেলে মতামত চাওয়া হলে মনিটরিং সেল, অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ এর স্মারক নং- অম/অবি/মনিঃ বিবিধ (ভর্তুকি)/২০০২ (পার্ট ফাইল) ৮৪ তাং-২৪/২/২০১১ মূলে সুস্পষ্ট মতামতে জানায় যে, তামাক প্রক্রিয়াজাতের মাধ্যমে শিল্প কারখানায় তৈরী সিগারেট, বিড়ি ও জর্দা রপ্তানির মাধ্যমে অর্জিত বৈদেশিক মুদ্রা সরকার প্রদত্ত নগদ সহায়তা/ ভর্তুকির আওতাভুক্ত হবে না (কপি সংযুক্ত)। অর্থাৎ নগদ সহায়তা প্রাপ্য নয়।

**বিস্তারিত বিবরণ ২য় খন্ডের পরিশিষ্ট-"ক" দ্রষ্টব্য।**

**অডিটি প্রতিষ্ঠানের জবাব ঃ** তামাক খাতের পণ্যসমূহ রপ্তানির বিপরীতে নগদ সহায়তা প্রাপ্য। সিগারেট যেহেতু তামাক খাতের পণ্য সেহেতু নগদ সহায়তা পরিশোধ করা হয়েছে।

**নিরীক্ষার মন্তব্য ঃ** জবাব সন্তোষজনক নয়। কারণ দেশীয় উৎপাদিত কৃষিজাত পণ্য তামাক (তামাক ডাটা ও পাতা) রপ্তানির বিপরীতে নগদ সহায়তা প্রাপ্য। কিন্তু শিল্প কারখানায় প্রস্তুতকৃত সিগারেট, বিড়ি ও জর্দা কৃষিজাত পণ্য বহির্ভূত বিধায় এ সকল পণ্য রপ্তানির বিপরীতে নগদ সহায়তা প্রাপ্য নয়।

**ত্রি-পক্ষীয় সভার সিদ্ধান্ত ঃ** অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগের উপরোক্ত স্মারকের আলোকে আপত্তিকৃত সমুদয় টাকা আদায়যোগ্য।

**নিরীক্ষার সুপারিশ ঃ** এ বিষয়ে সংশ্লিষ্ট রপ্তানিকারকের দায়েরকৃত মহামান্য হাইকোর্টের রিট পিটিশন নম্বর ৯৭৪৪/২০১১ এর সর্বশেষ ফলাফলের উপর যথাযোগ্য ব্যবস্থা গ্রহণ করা আবশ্যক।

**অনুচ্ছেদ নং-২ ঃ**

**শিরোনাম ঃ রপ্তানি পণ্যের মূল্য (বৈদেশিক মুদ্রা) প্রত্যাবাসনের পর নির্ধারিত সময় সীমার মধ্যে আবেদন না করা সত্ত্বেও বিধিবহির্ভূতভাবে নগদ সহায়তা প্রদান করায় ৮৪,৫২,৯৭২/- টাকা রাজস্ব ক্ষতি।**

**বিবরণ ঃ** ৭টি বাণিজ্যিক ব্যাংকের ৭টি শাখার ২০০৬-১০ সনের রপ্তানি ভর্তুকি/ নগদ সহায়তা (Cash Incentive) প্রদান সংক্রান্ত হিসাবের অডিটকালে পরিলক্ষিত হয় যে, পণ্য রপ্তানির বিপরীতে রপ্তানি মূল্য (বৈদেশিক মুদ্রা) প্রত্যাবাসনের পর আবেদনের নির্ধারিত সময়সীমা (১৮০ দিন) অতিক্রান্ত হওয়া সত্ত্বেও অনেক পরের আবেদনকৃত দাবীর উপর ভিত্তি করে বিধিবহির্ভূতভাবে রপ্তানি ভর্তুকি/ নগদ সহায়তা (Cash Incentive) প্রদান করায় ৮৪,৫২,৯৭২/- টাকা রাজস্ব ক্ষতি হয়েছে-যা আদায়যোগ্য।

কারণ, দেশীয় বস্ত্র রপ্তানির বিপরীতে নগদ সহায়তা সংক্রান্ত বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা এর এফ-ই সার্কুলার নং-০৯ তাং-৫/৩/০১ মোতাবেক রপ্তানি মুখী দেশীয় বস্ত্র খাতে শুল্ক বন্ড ও ডিউটি ড্র ব্যাক এর পরিবর্তে নগদ সহায়তা প্রদানের শর্ত অনুযায়ী প্রতিটি রপ্তানি মূল্য (বৈদেশিক মুদ্রা) প্রত্যাবাসনের (PRC) ১৮০ দিনের মধ্যে আবেদন না করা হলে নগদ সহায়তা (Cash Incentive) প্রাপ্য নয়।

উক্ত সার্কুলার অনুযায়ী নগদ সহায়তা প্রদানের ক্ষেত্রে যখন যতটুকু রপ্তানি করা হয় এবং মূল্য প্রত্যাবাসিত হয়ে থাকে তখন ততটুকুর উপরই নির্ধারিত সময়ের মধ্যে আবেদনের প্রেক্ষিতে নগদ সহায়তা প্রাপ্য হবে। উল্লেখ্য যে, একটি এল-সি/ ঋণ পত্রের বিপরীতে রপ্তানির জন্য একাধিক Partial Shipment করা হলেও প্রতিটি Partial Shipment এর ক্ষেত্রে পৃথক পৃথক Export, শিপিং বিল/ বিল অব এক্সপোর্ট, বিল অব লেডিং/ বি-এল, ইনভয়েস এবং পি,আর,সি (বৈদেশিক মুদ্রা প্রত্যাবাসন) হয়ে থাকে। এক্ষেত্রে প্রতিটি রপ্তানি পণ্যের Shipment করা বৈদেশিক মুদ্রা প্রত্যাবাসনের তারিখ হতে ১৮০ দিনের মধ্যে নগদ সহায়তার জন্য আবেদন করতে হবে।

**বিস্তারিত বিবরণ ২য় খন্ডের পরিশিষ্ট "খ" দ্রষ্টব্য।**

**অডিটি প্রতিষ্ঠানের জবাব ঃ** আপত্তিকৃত টাকা আদায়ের প্রচেষ্টা অব্যাহত রয়েছে। কিছু ক্ষেত্রে গ্রাহক আবেদনপত্রে ভুল বশতঃ প্রকৃত তারিখের পরিবর্তে ভুল তারিখ উল্লেখ করেছেন। ঋণপত্রের বিপরীতে একাধিক প্রত্যাবাসনের তারিখ থাকায় সর্বশেষ প্রত্যাবাসনের তারিখ হতে ১৮০ দিন গণনা করা হয়েছে।

**নিরীক্ষার মন্তব্য ঃ** জবাব সন্তোষজনক নয়। কারণ এ বিষয়ে বাংলাদেশ ব্যাংকের এফ ই সার্কুলারের শর্ত অনুযায়ী প্রতিটির রপ্তানি মূল্য প্রত্যাবাসনের ১৮০ দিনের মধ্যে আবেদন করা না হলে নগদ সহায়তা প্রদানের কোন অবকাশ নেই। অর্থাৎ যখন যতটুকু রপ্তানি করা হয় এবং মূল্য প্রত্যাবাসিত হয়ে থাকে তখন ততটুকুর উপরই নির্ধারিত সময়ের মধ্যে আবেদনের প্রেক্ষিতে নগদ সহায়তা প্রাপ্য হবে। তাছাড়া আন্তঃবিভাগীয় সভার সিদ্ধান্তের আলোকে ইতোমধ্যেই বর্ণিত টাকা আদায় করা উচিত ছিল।

**ত্রি-পক্ষীয় সভার সিদ্ধান্ত ঃ** আপত্তিকৃত টাকা আদায়ের সিদ্ধান্ত গৃহীত হয়।

**নিরীক্ষার সুপারিশ ঃ** আপত্তিকৃত অর্থ আদায় করা আবশ্যক। উল্লেখ্য যে, একটি ব্যাংক যা সোস্যাল ইসলামী ব্যাংক লিঃ, প্রিন্সিপাল শাখা, দিলকুশা , ঢাকা এর ১১,৮৮,৯৩৬/- টাকার আপত্তির বিপরীতে রপ্তানীকারকের দায়েরকৃত মহামান্য হাইকোর্টের রিট পিটিশন নম্বর ৭০৩৯/২০১১ এবং ১০৬৪৮/২০১১ এর সর্বশেষ ফলাফলের উপর যথাযোগ্য ব্যবস্থা গ্রহণ করা আবশ্যক।

অনুচ্ছেদ নং-৩ ঃ

**শিরোনাম ঃ** **৫ পাউন্ড খুচরা প্যাক (Retail Pack) এর স্থলে ৫ পাউন্ডের বেশী হিমায়িত মাছ রপ্তানির বিপরীতে অনিয়মিতভাবে নগদ সহায়তা বাবদ ৩,৯৩,৮৪,০৮৯/- টাকা প্রদান করায় সরকারী রাজস্ব ক্ষতি।**

**বিবরণ ঃ** ২টি বাণিজ্যিক ব্যাংকের ৩টি শাখার ২০০৬-১০ সনের রপ্তানি ভর্তুকি/ নগদ সহায়তা (Cash Incentive) প্রদান সংক্রান্ত হিসাব অডিটকালে পরিলক্ষিত হয় যে, ৫ পাউন্ড Retail Pack এর স্থলে ৫ পাউন্ডের বেশী ওজনের (Bulk) প্যাকেটের হিমায়িত মাছ রপ্তানির বিপরীতে অনিয়মিতভাবে নগদ সহায়তা বাবদ **৩,৯৩,৮৪,০৮৯/-** টাকা প্রদান করায় সরকারী রাজস্ব ক্ষতি হয়েছে - যা আদায়যোগ্য।

কারণ, বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ, বাংলাদেশ ব্যাংক প্রধান কার্যালয়, ঢাকা এর এফ-ই সার্কুলার নং যথাক্রমে-২৩, তাং-১২/১২/০২, এফ ই ই ডি (কম) ২৯১ (হিমায়িত মাছ) নীতি/২০০৩-৫৯১ তাং- ১৮/৫/২০০৩ ও ৬৬১ তাং- ৬/৩/০৩ মোতাবেক হিমায়িত চিংড়ি ভোক্তা পর্যায়ে ছোট প্যাকেট (Retail Pack) রপ্তানির ক্ষেত্রে নগদ সহায়তা প্রাপ্য। কিন্তু এক্ষেত্রে ৫ পাউন্ডের স্থলে ৫ পাউন্ডের অধিক ওজনের (Bulk) প্যাক রপ্তানি করা হয়েছে -যা নগদ সহায়তা প্রাপ্য নয়।

**বিস্তারিত বিবরণ ২য় খন্ডের পরিশিষ্ট-গ, গ(১) ও গ(২)।**

**অডিটি প্রতিষ্ঠানের জবাব ঃ** নিরীক্ষা দল কর্তৃক Retail Pack এর স্থলে ৫ পাউন্ড ভ্যালু নির্ণয়ের পদ্ধতি যথাযথ নয় বলে মনে হয়েছে; বিষয়টি সুস্পষ্ট হওয়া প্রয়োজন। হিমায়িত মাছ রপ্তানির ক্ষেত্রে প্যাকিং এর বিষয়টি ক্রেতার চাহিদার উপর নির্ভর করে থাকে। ইনভয়েস, প্যাকিং লিষ্ট ইত্যাদিতে বিক্রয় চুক্তিপত্র অনুযায়ী হুবহু লিখতে হয়। Bulk প্যাকিং খুচরা বিক্রয়ের জন্য IQF (Individual Quick Frozen), IWF (Individual Poly wraped) ইত্যাদি অবস্থায় প্যাকিং হয়ে থাকে, যা ক্যান্ডি ইত্যাদির মত খুচরা বিক্রয় হয়ে থাকে। এমতাবস্থায় আপত্তিটি নিষ্পত্তির জন্য অনুরোধ করা হলো।

**নিরীক্ষার মন্তব্য ঃ** জবাব সন্তোষজনক নয়। কারণ বৈদেশিক মুদ্রানীতি বিভাগ, বাংলাদেশ ব্যাংক প্রধান কার্যালয়, ঢাকা এর সার্কুলার পত্র নং- এফ ই পি ডি (কম)/ ২৯১/(হিমায়িতমাছ) নীতি / ২০০৩ - ৫৯১, তাং-১৮/৫/২০০৩ খ্রিঃ ও ৬৬১ তাং- ৩/৬/২০০৩ খ্রিঃ মোতাবেক হিমায়িত চিংড়ি ও অন্যান্য মাছ ভোক্তা পর্যায়ে ছোট প্যাক (Retail Pack) রপ্তানির ক্ষেত্রে নগদ সহায়তা প্রাপ্য। Retail Pack বলতে IQF সর্বোচ্চ ৫ পাউন্ড পর্যন্ত ওজনের হিমায়িত মাছের প্যাকেট রপ্তানিকে বুঝায়। কিন্তু রপ্তানিকারকগণকে ৫ পাউন্ডের বেশী ২× ৫ কেজি, ১× ১০ কেজি, Bulk অর্থাৎ ৫কেজি, ১০কেজি প্যাকেটে এবং Bulk হিসাবে হিমায়িত চিংড়ি ও অন্যান্য মাছ রপ্তানির বিপরীতে নগদ সহায়তা প্রদান করা হয়েছে-যা প্রাপ্য নয়। এখানে উল্লেখ্য যে, IQF (Individual Quick Frozen) যা আলাদা আলাদাভাবে হিমায়িত করা হয়েছে কিন্তু আলাদাভাবে প্যাকেট জাত নয়। IWP (Individual wraped Pack) মানে আলাদা আলাদা ভাবে প্যাকেটজাত বুঝায়। Bulk আলাদা আলাদাভাবে প্যাকেটজাত না হয়ে খোলাভাবে বড় কার্টুনে একসাথে প্যাকেটজাত। প্যাকিং লিষ্ট, ইনভয়েস, বি এল অনুযায়ী ৫ পাউন্ডের অধিক ওজনের IQF এবং Bulk অবস্থায় রপ্তানীর ক্ষেত্রে প্রদত্ত নগদ সহায়তার উপর অডিট আপত্তি উত্থাপন করা হয়। এমতাবস্থায় আপত্তিকৃত টাকা আদায় করা আবশ্যক।

**ত্রি-পক্ষীয় সভার সিদ্ধান্ত ঃ** আপত্তিকৃত টাকা আদায়ের সিদ্ধান্ত গৃহীত হয়।

**নিরীক্ষার সুপারিশ ঃ** আপত্তিকৃত টাকা আদায় করা আবশ্যক।

**অনুচ্ছেদ নং-৪ ঃ**

**শিরোনাম ঃ** হিমায়িত চিংড়ি মাছ রপ্তানির বিপরীতে রপ্তানিকৃত মাছের নীট ওজনের পরিবর্তে মাছের বরাফাচ্ছাদিত ওজনের উপর বিধিবহির্ভূতভাবে নগদ সহায়তা প্রদান করায় ৪,৪৪,৬১,৮৮৬/-টাকা রাজস্ব ক্ষতি।

**বিবরণ ঃ** ১টি বাণিজ্যিক ব্যাংকের ২টি শাখার ২০০৭-১০ সনের রপ্তানি ভর্তুকি/ নগদ সহায়তা (Cash Incentive) প্রদান সংক্রান্ত হিসাব অডিট কালে পরিলক্ষিত হয় যে, হিমায়িত চিংড়ি মাছ রপ্তানির বিপরীতে রপ্তানিকৃত মাছের নীট ওজনের পরিবর্তে মাছের বরাফাচ্ছাদিত ওজনের উপর বিধিবহির্ভূতভাবে নগদ সহায়তা প্রদান করায় ৪,৪৪,৬১,৮৮৬/- টাকা রাজস্ব ক্ষতি হয়েছে- যা আদায়যোগ্য।

কারণ, বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ, বাংলাদেশ ব্যাংক প্রধান কার্যালয়, ঢাকা এর এফ,ই, সার্কুলার নং যথাক্রমে ২৩ তাং-১২/১২/০২ এফ ই ই ডি(কম) ২৯১ (হিমায়িত মাছ) নীতি/২০০৩-৫৯১, তাং- ১৮/৫/০৩ ও ৬৬১, তাং- ৬/৩/০৩ মোতাবেক রপ্তানিকৃত হিমায়িত মাছের নীট ওজনের উপর নগদ সহায়তা প্রাপ্য।

পণ্য আমদানি/ রপ্তানির ক্ষেত্রে পণ্যের আকৃতি ও গুনগতমান অক্ষুন্ন রাখার জন্য পণ্যের ধরন অনুযায়ী মোড়ক সামগ্রী ব্যবহার করা হয়ে থাকে। এখানে রপ্তানিকৃত হিমায়িত চিংড়ি মাছের গুনগত মান অক্ষুন্ন রাখার জন্য বরফাচ্ছাদিত করা হয়-যা মাছের মোড়ক সামগ্রী হিসাবে গণ্য।

১৯৬৯ সনের শুল্ক আইনের প্রচলিত নিয়মানুযায়ী আমদানি/ রপ্তানিকৃত পণ্যের নীট ওজনের উপরই প্রযোজ্য হারে শুল্ক ও করাদি আদায় করা হয়ে থাকে। সেই হিসাবে রপ্তানিকৃত হিমায়িত চিংড়ি মাছের নীট ওজনের উপরই নগদ সহায়তা-প্রাপ্য হবে।

**বিস্তারিত বিবরণ ২য় খন্ডের পরিশিষ্ট "ঘ" দ্রষ্টব্য।**

**অডিটি প্রতিষ্ঠানের জবাব ঃ** চিংড়ি একটি পচনশীল পণ্য, এর গুনগত মান অক্ষুন্ন রাখার জন্য গ্লেজিং আন্তর্জাতিকভাবে স্বীকৃত ও প্রয়োজনীয় বিকল্পহীন একটি টেকনোলজিক্যাল ব্যবস্থা। গ্লেজিং একটি পাতলা বরফের আস্তরন যা সর্বদাই নীট ওজনের অন্তর্ভুক্ত। বিশেষভাবে IQF চিংড়ির ক্ষেত্রে বিক্রয় চুক্তিতে ক্রেতার প্রয়োজন অনুসারে গ্লেজিং এর শতকরা হার উল্লেখ করা হয়ে থাকে এবং সে অনুপাতে মূল্য নির্ধারিত হয়। ক্রেতা পানি বা বরফের জন্য কোন ভাড়া প্রদান করেন না। কেবল মাত্র প্রত্যাবাসিত রপ্তানি মূল্যের উপর নগদ সহায়তা/রপ্তানি ভর্তুকি প্রদান করা হয়েছে। এমতাবস্থায় আপত্তিটি নিষ্পত্তির জন্য অনুরোধ করা হলো।

**নিরীক্ষার মন্তব্য ঃ** জবাব সন্তোষজনক নয়। কারণ বৈদেশিক মুদ্রানীতি বিভাগ, বাংলাদেশ ব্যাংক প্রধান কার্যালয়, ঢাকা এর সার্কুলার পত্র নং-এফ ই পি ডি (কম)/ ২৯১/(হিমায়িতমাছ) নীতি / ২০০৩ -৬৬১, তাং-৩/৬/২০০৩ খ্রিঃ মোতাবেক Retail Pack IQF ৫ পাউন্ড পর্যন্ত প্যাকে হিমায়িত চিংড়ি ও অন্যান্য মাছ রপ্তানির বিপরীতে ইউনিট প্রতি (পাউন্ড) এফওবি মূল্যের সর্বোচ্চ সিলিং/সীমা নির্ধারন করায় ওজনের বিষয়টি মুখ্য হয়ে দাঁড়িয়েছে। অর্থাৎ যে মূল্যেই রপ্তানি করা হোক না কেন সে ক্ষেত্রে প্রতি পাউন্ড ওজনের ভিত্তিতে চিংড়ি ও অন্যান্য মাছের এফওবি মূল্যের সর্বোচ্চ সিলিং/সীমার মধ্যেই নির্ধারিত হারে নগদ সহায়তা প্রাপ্য হবে। কাষ্টমস্ এ্যাক্ট ১৯৬৯ মোতাবেক আমদানি ও রপ্তানিকৃত পণ্যের নীট ওজনের উপরেই প্রযোজ্য হারে শুল্ক ও করাদি আদায় করা হয়ে থাকে। যেহেতু বরফ মাছের গুনগত মান অক্ষুন্ন রাখার জন্য ব্যবহৃত হয়ে থাকে, সেহেতু তা মোড়ক সামগ্রী হিসাবেই গণ্য। ইনভয়েস, প্যাকিং লিষ্ট, বি এল এ উল্লেখিত নীট ওজনের উপর ভিত্তি করে অডিট আপত্তি উত্থাপন করা হয়েছে। এমতাবস্থায় আপত্তিকৃত টাকা আদায় করা আবশ্যক।

**ত্রি-পক্ষীয় সভার সিদ্ধান্ত ঃ** আপত্তিকৃত টাকা আদায়ের সিদ্ধান্ত গৃহীত হয়।

**নিরীক্ষার সুপারিশ ঃ** আপত্তিকৃত টাকা আদায় করা আবশ্যক।

স্বাক্ষরিত

**ওয়াজির আহ্‌মেদ ফাতেহ**
মহাপরিচালক
ফোনঃ- ৮৩১৬১৩০

বাঃসঃমু-২০১২/১৩-৭৫৬৯কম/এ—৭৫০ বই, ২০১৩।